

তারিখ

এআইইউবির সমাবর্তনে রাষ্ট্রপতি শিক্ষার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করতে হবে

রাষ্ট্রপতি অধ্যাপক এ. কিউ এম বদরুদ্দোজা চৌধুরী ভবিষ্যৎ চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার ওপর গুরুত্বারোপ করেছেন। রাষ্ট্রপতি বাংলাদেশে উচ্চশিক্ষাকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে সরকারি ৭৩ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। তিনি গতকাল সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বাংলাদেশ (এআইইউবি)-এর সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন, এআইইউবির বোর্ড অফ ট্রাস্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ড. আনোয়ারুল আবেদিন, এআইইউবির উপাচার্য কারমেন জেড লামাংনা এবং ইউনিভার্সিটি অফ সাউথ অস্ট্রেলিয়ার অধ্যাপক এড্ডু নাফালেকি। ১৯৯৯-২০০০ এবং ২০০০-২০০১ সালের ১৩৫ জন ছাত্রছাত্রী এই সমাবর্তন অনুষ্ঠানে ডিগ্রি লাভ করেন।

রাষ্ট্রপতি বলেন, দেশের ও বিশ্বের ভবিষ্যৎ চাহিদার ভিত্তিতে আমাদের চিন্তা প্রক্রিয়াকে নতুনভাবে সাজাতে হবে। তিনি বলেন, আমাদেরকে অবশ্যই বর্তমান ও ভবিষ্যতের বিশ্ব প্রেক্ষিতে প্রতিযোগিতায় নামার প্রকৃতি নিতে হবে। এই লক্ষ্যে পৌছতে তিনি জনগণের আশা-আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতি রেখে সকল পর্যায়ে বিশ্বমানের শিক্ষা দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

রাষ্ট্রপতি চৌধুরী বলেন, সমাজের সকল ক্ষেত্রে এ ধরনের সুযোগ পৌছে দেওয়া হলে বাংলাদেশ প্রকৃতভাবে সামাজিক স্থিতিশীল দেশে রূপান্তরিত হবে এবং একই সঙ্গে দেশের অর্থনীতি শক্তিশালী হবে। এছাড়া দেশের ভাবমূর্তিও উজ্জ্বল হবে।